সান্ধ্য জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল
e-paper : www.epaper.jagobangla.in /DigitalJagoBangla /jagobangladigital /jago_bangla www.jagobangla.in
বর্ষ - ১, সংখ্যা ২৪১ ● ২২ জানুয়ারি, ২০২৪ ● ৭ মাঘ ১৪৩০ ● সোমবার ● ৩ পাতা ● Vol. 1, Issue - 241 ● JAGO BANGLA ● MONDAY ● 22 JANUARY, 2024 ● 3 Pages

**শীতলতম দিন**

সোমবার মরশুমের শীতলতম দিন। কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ১২.১। মঙ্গলবার থেকে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের সব জেলাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস



**পঞ্চদশ অর্থ কমিশনের টাকা খরচের নিরিখে এগিয়ে বাংলা, রিপোর্ট কেন্দ্রের**

**বিলকিস বানো মামলায় আত্মসমর্পণ ১১ ধর্ষকের**



## কালীঘাটে পুজো দিয়ে শুরু সর্বধর্ম সংহতি যাত্রা

# মুখ্যমন্ত্রীর নেতৃত্বে মহামিছিল



■ মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে কলকাতার রাজপথে সংহতি মিছিলে পা মেলালেন ধর্মগুরুরা। জনজোয়ারে ভাসল তিলোত্তমা।

## বিভাজনের রাজনীতি জবাব দেবে বাংলাই

**প্রতিবেদন :** নির্বাচনের আগে বিজেপি ভোট ভাগের চেষ্টায় নেমেছে। তার সঙ্গে ধর্মের নামে সুড়সুড়ি দিচ্ছে। কিন্তু বাংলায় এ জিনিস চলবে না। বাংলার মানুষকে ধন্যবাদ। আগামীদিনেও বাংলাই পথ দেখাবে। একটা লড়াই শুরু হয়েছে। এ লড়াই চলবে। বিজেপিকে একটা আসনও নয়। সোমবার সন্ধ্যায় পার্ক সার্কাস ময়দানে সংহতি মঞ্চ থেকে গনগনে মেজাজে বলে দিলেন জননেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর সাফ কথা, ধর্মের নামে বিভাজন করে মানুষে মানুষে লড়াই এ বাংলায় আর হবে না। যত রক্ত দিতে হয় দেব। কিন্তু এই বিভাজন আমি রুখবই। বাংলাকে আমি বাঁচাব। সংহতি মিছিল শেষে পার্ক সার্কাসের সভা থেকে বিজেপির বিরুদ্ধে সর্বাত্মক লড়াইয়ে ডাক দিলেন নেত্রী। কলকাতায় মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এদিন সংহতি মিছিলকে কেন্দ্র করে জনপ্লাবন দেখল বাংলা সহ গোটা দেশ। সোমবার বিকেল সাড়ে



■ সংহতি মিছিল শুরুর আগে কালীঘাটে পুজো।

তিনটে নাগাদ হাজরা মোড় থেকে শুরু হয় মিছিল। তার আগে নকুলেশ্বর মন্দির, জগন্নাথ মন্দির ও কালীঘাটে মায়ের মন্দিরে পুজো দেন নেত্রী। সংহতি মিছিলে পা মেলান তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও। এছাড়াও ছিলেন দলের সর্বস্তরের নেতা, নেত্রী, কর্মী, সমথর্করা। সেইসঙ্গে ছিলেন অগণিত মানুষ। বিভিন্ন সম্প্রদায়ের ধর্মগুরুরা ছিলেন মিছিলের সামনের সারিতে। তৃণমূলের নেতা, বিধায়ক, সাংসদ, মন্ত্রীরা ছিলেন পিছনে। পার্ক সার্কাস থেকে হাঁটা শুরু করে বালিগঞ্জ ফাঁড়ির কাছে মিছিল থামে। সেখান থেকে একটি স্কুটারে চেপে গড়চা রোডের গুরুদ্বারে যান নেত্রী। এরপর মিছিল রওনা হয় পার্ক সার্কাসের দিকে। সেখানে পৌঁছেও একটি মসজিদ ও গির্জায় যান তিনি। এই সংহতি মিছিলে কোনওরকম স্লোগান ছিল না। কিন্তু দীর্ঘদিন পর বাংলা দেখল জনজোয়ার কাকে বলে। সেই জনজোয়ারে ভেসে জননেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সর্বধর্মের বাংলার যে ঐতিহ্য-সংস্কৃতি তা আরও একবার দেখিয়ে দিলেন।

## ধর্ম নয়, কর্মের নামে হোক ভোট : অভিষেক

**প্রতিবেদন :** ধর্মের নামে রাজনীতি করে না বাংলা। আমরা কর্মের পথে চলি। সোমবার হাজরা পার্ক থেকে সর্বধর্ম সমন্বয়ে সংহতি মিছিল শেষে পার্ক সার্কাসে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় সবাইকে নিয়ে চলার বার্তা দিলেন। তিনি বলেন, সবাইকে নিয়েই বাংলার উন্নয়নের ধারা এগিয়ে চলেছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে। কেন্দ্রীয় বঞ্চনা সত্ত্বেও এগিয়ে যাবে বাংলা।

অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, আজকের দিনটি বিশেষ গুরুত্বপূর্ণ। সমস্ত ধর্ম, বর্ণের সহাবস্থানে বাংলার সংহতি বজায় রয়েছে। বাংলার কৃষ্টি, সংস্কৃতি, ঐতিহ্য শিখিয়েছে ধর্ম যার যার উৎসব সবার। আর বিজেপি বাংলায় গোহারা হারছে বলেই বঞ্চনা করছে। কেন্দ্রীয় সরকার একশো দিনের কাজের টাকা আটকে রেখেছে। আবাস যোজনার টাকা আটকে রেখেছে। বাংলাকে পাতে মারার চেষ্টা করছে। কিন্তু বাংলার মানুষ এক রয়েছে। বাংলা ধর্ম নিয়ে রাজনীতি করতে শেখায় না। বাংলা চলে উন্নয়নের পথে। বাংলা থেকে ৪ লক্ষ ৬৪ হাজার কোটি টাকা কেন্দ্র তুলে নিয়ে গিয়েছে। (এরপর ২ পাতায়)



■ সংহতি মিছিলে অভিষেক।

## দেশের সমস্যা সমাধানের কথা নেই মোদির মুখে

**প্রতিবেদন :** প্রায় এক ঘণ্টার বক্তৃতা। কিন্তু এই এক ঘণ্টায় দেশের আসল সমস্যাগুলি নিয়ে একটি শব্দও খরচ করলেন না প্রধানমন্ত্রী। রামলালা ও রাম মন্দিরকে সামনে রেখে তাঁর এই দীর্ঘ ভাষণে বেকারত্ব-শ্রমিক-কৃষকদের সমস্যা-সীমান্ত সমস্যা, ক্রমশ বিপাকে পড়া অর্থনীতি, সীমাহীন মূল্যবৃদ্ধি, পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধি— এসব কিছুই তাঁর ভাষণে একবারের জন্যও জায়গা পেল না। মানুষের প্রাথমিক প্রয়োজন খাদ্য-বস্ত্র-বাসস্থানের জন্য প্রধানমন্ত্রী ও তাঁর সরকার কী করেছে! বা কী ভাবছে! সে-সম্পর্কে একটি শব্দও নেই। এ-নিয়ে তুমুল সমালোচনা শুরু হয়েছে রাজনৈতিক মহলে। এক ঘণ্টার ভাষণে দেশবাসীকে শুধু রামায়ণ পড়িয়ে গেলেন প্রধানমন্ত্রী। ধর্মের জিগির তুলে নিজের ব্র্যান্ড ইকুাইটি বাড়াতে ব্যস্ত তিনি বারবার বললেন, রোজ পুজো করুন! দেশ কোন পথে চলবে সে-সম্পর্কে কোনও দিশা নেই। সেইসঙ্গে দেখা গেল কিছু মিডিয়া রামের থেকেও বড় করে প্রধানমন্ত্রীকে তুলে ধরতে ব্যস্ত। তার কারণ আমজনতার সমস্যার প্রশ্ন-বেকারত্বের প্রশ্ন-নিজেদের দিকে আসা অপ্রীতিকর কোনও প্রশ্নই প্রধানমন্ত্রী শোনেন না। তিনি শুধু বলেন।

**রামায়ণ দিয়ে চেষ্টা নজর ঘোরানোর**

সান্ধ্য জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল
২
২২ জানুয়ারি ২০২৪
সোমবার

# বিকেলের TOP 10

## রাজ্য

- মরশুমের শীতলতম দিন, কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ১২.১ ডিগ্রি।
- আলিপুরদুয়ারে চায়ের দোকানের আড়ালে নেশার ঠেক, তদন্তে পুলিশ।
- রাজ্যের রাইস মিলগুলিতে কড়া নজরদারি খাদ্য দফতরের।
- সোমবারের শহরে ৬০টি মিছিল, ট্রাফিক সচল রাখতে তৎপর পুলিশ।
- সোমবার থেকেই গোটা মুর্শিদাবাদে শুরু বেসরকারি বাস ধর্মঘট।
- গয়েরকাটার ৩ মন্দিরে লক্ষাধিক টাকার গয়না চুরি, তদন্তে পুলিশ।
- হরিহরপাড়ায় মাঠ থেকে উদ্ধার অজ্ঞাতপরিচয় যুবকের দেহ।
- তারকেশ্বরে মা ও দিদিকে পুড়িয়ে মেরে আত্মঘাতী যুবক।
- কলকাতা থেকে সোনা পাচার মহারাষ্ট্রে, মূল চক্রীকে গ্রেফতার পুলিশের।
- নাবালিকাকে ধর্ষণের চেষ্টায় শিলিগুড়িতে গ্রেফতার যুবক।

## দেশ

- সুপ্রিম কোর্টের দেওয়া দু'দিন সময়ের মধ্যেই বিলকিসের ১১ ধর্ষক আত্মসমর্পণ করল গোধরা জেলে।
- নোংরা শৌচাগার! যাত্রীর মামলায় জরিমানা রেলের, মুখ পুড়ল মোদি সরকারের।
- হাত প্রতিস্থাপনে জোড়া সাফল্য পেলেন হরিয়ানার চিকিৎসকেরা।
- রামলালার প্রাণপ্রতিষ্ঠার দিনই অসমের মন্দিরে ঢুকতে বাধা রাহুল গান্ধীকে, ধরনায় সাংসদ।
- রামমন্দির উদ্বোধনে এলেন না লালকৃষ্ণ আদবানি ও মুরলীমনোহর জোশী।
- মুম্বইয়ে রামের পতাকা লাগানো গাড়ি লক্ষ্য করে দুষ্কৃতী হামলা, গ্রেফতার ৫।
- মহীশূরে বিক্ষোভের মুখে সংসদ হামলায় 'জড়িত' বিজেপি সাংসদ প্রতাপ সিমহা।
- বার্ষিক টাটা-মুম্বই ম্যারাথন চলাকালীন মৃত ২।
- ভারত-বাংলাদেশ সম্পর্ক ক্রমেই শক্তিশালী হচ্ছে, জানালেন জয়শঙ্কর।
- ইন্দিরা-রাহুলের পথে কি দক্ষিণে সোনিয়াও, ভাবনা তেলঙ্গানার আসন-প্রস্তাবে।

## বিদেশ

- 'গালে চড়', হিজবুল্লা নেতার হুমকি ইজরায়েলকে।
- বুড়ো, মানসিক স্থিতিহীন! ট্রাম্পকে কটাক্ষ নিকির।
- পাকিস্তানকে শেষ করতে ৩০০ থেকে ৩০০০ কিমি পাল্লার ৩০০০ ক্ষেপণাস্ত্র নিয়ে তৈরি ইরান।
- কয়েনের থেকেও ছোট, এক বার চার্জে ফোন চলবে ৫০ বছর! 'অবিনশ্বর' ব্যাটারি তৈরি করল চিন।
- পণবন্দিদের মুক্তি আর হামাসকে নিশ্চিহ্ন করা, একসঙ্গে 'কার্যত অসম্ভব'! হার মানছে ইজরায়েল?
- বন্দিমুক্তির বিনিময় যুদ্ধ বন্ধের প্রস্তাব হামাসের, 'মানব না', সাফ কথা নেতানিয়াহুর।
- হাউথি বধে নিখোঁজ ২ মার্কিন কমান্ডোকে মৃত ঘোষণা আমেরিকার।
- ম্যান্ডেলার জিনিসপত্র নিলামে তুলছেন মেয়ে, সরকারের না।
- ডি আর কঙ্গো থেকে সব শান্তিরক্ষী প্রত্যাহার হচ্ছে।
- চিনে ভূমিধসে চাপা পড়েছেন ৫৭ জন।

## খেলা

- ব্যক্তিগত কারণে ইংল্যান্ডের বিরুদ্ধে প্রথম দুই টেস্ট থেকে সরে দাঁড়ালেন বিরাট কোহলি।
- ভারতে পাঁচ টেস্টের সিরিজ খেলতে হায়দারাবাদ পৌঁছলেন বেন স্টোকসরা।
- সিমাররাও কুড়ি উইকেট তুলতে পারে, এটা শুধু স্পিনের সিরিজ হবে না : অ্যান্ডি ফ্লাওয়ার।
- ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে এক দিনের সিরিজে বিশ্রাম গ্লেন ম্যাক্সওয়েলের, বাদ রিচার্ডসন।
- ট্র্যাভিস হেডের করোনা, অনিশ্চিত ব্রিসবেন টেস্টে।
- সেভিয়াকে ৫-১ গোলে হারিয়ে ফের লা লিগা শীর্ষে জিরোনা।
- দু'গোলে পিছিয়ে পড়েও লা লিগায় রুদ্ধশ্বাস জয় পেল রিয়াল।
- প্রিমিয়ার লিগে বোর্নমাউথকে ৪-০ গোলে হারাল লিভারপুল।
- অস্ট্রেলিয়ান ওপেনের কোয়ার্টার ফাইনালে বোপান্না-এবডেন জুটি।
- টেস্ট সিরিজের আগে প্রস্তুতি ম্যাচ না খেলে ভুল করল ইংল্যান্ড : অ্যালেস্টার কুক।

■ অনিবার্য কারণবশত প্রণাম ধরের কলম প্রকাশ করা গেল না। যথারীতি আগামীকাল প্রকাশিত হবে।

# বাংলা জুড়ে সংহতি মিছিলে মানুষের ঢল




■ বহরমপুর-মুর্শিদাবাদ সাংগঠনিক জেলার উদ্যোগে সংহতি মিছিল।



■ মালদহের ইংরেজ বাজারে সংহতি মিছিলে জনজোয়ার।




■ পশ্চিম মেদিনীপুরের ডেবরায় মিছিল।




■ পুরুলিয়ার নিতুরিয়া ব্লক তৃণমূল কংগ্রেসের মিছিল।




■ বারাসত-২ ব্লক তৃণমূল কংগ্রেসের সংহতি মিছিল।

# উন্নয়নের সঙ্গে ধর্ম মিশবে না পথ দেখাচ্ছে বাংলা

**প্রতিবেদন :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রতিটা কাজে মমত্ববোধ দেখা যায়। কখনও উন্নয়নের সঙ্গে তিনি ধর্মকে মিশিয়ে ফেলেন না। বাংলাই সর্বধর্ম সমন্বয়ের পথিকৃৎ। গোটা দেশকে পথ দেখাচ্ছে বাংলাই। সোমবার হাজরা মোড় থেকে পার্ক সার্কাস পর্যন্ত সর্বধর্ম সমন্বয়ে সংহতি যাত্রা হয় মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে। উপস্থিত ছিলেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। পাশাপাশি ছিলেন একাধিক ধর্মগুরুরা। এদিন বৌদ্ধ ধর্মগুরু বলেন, প্রতিটা কাজে মমত্ববোধ দেখতে পাই মুখ্যমন্ত্রীর। ২০২৪ সালের নির্বাচন ঠিক করে দেবে মানুষ কী চায়। আপনাকে বিবিধভাবে দেখতে পাব। বাংলাকে উন্নত করতে সারা দেশে পরিচিত করার জন্য মুখ্যমন্ত্রীর দৃঢ় নেতৃত্বকে সাধুবাদ জানাই।

খ্রিস্ট সম্প্রদায়ের ধর্মগুরু জানান, বাংলার বুকে শান্তির একতার দূত মমতা বন্দ্যোপাধ্যায়। সংহতি যাত্রা স্মরণ করাচ্ছে আমাদের মধ্যে কোনও ত্রুটি থাকলে তা ভুলে একসঙ্গে চলতে হবে। প্রত্যেক ধর্মকে একসঙ্গে নিয়ে চলার জন্য যা করার আমরা করব, আমরা বিশ্বকে শেখাব কীভাবে একসঙ্গে চলতে হয়। মুখ্যমন্ত্রীর অন্যের ধর্মের প্রতি যে সম্মান তা দেখলে মাথা নত হয়ে যায়।

নাখোদা মসজিদের ইমাম বলেন, যেখানে ভারতে ঘৃণার অন্ধকার বাড়ছে সেখানে মুখ্যমন্ত্রী ভালবাসার আলো দিয়ে সেই অন্ধকার দূর করছেন। আমাদের দেশ আইনে এবং নিয়মে চলবে। কারোর মন কি বাতে চলবে না। আমরাই নেত্রীকে না চিনলে হিন্দুস্তান সমস্যায় পড়বে। পশ্চিমবঙ্গ আগামী দিনে দিশা দেখাবে।

# আজই মরশুমের শীতলতম দিন



**প্রতিবেদন :** সোমবার মরশুমের শীতলতম দিন। কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ১২.১। এক ধাক্কায় তাপমাত্রা নেমেছে ৩ ডিগ্রি। মঙ্গলবার থেকে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের সব জেলাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস। ২৫ জানুয়ারি বৃষ্টির প্রভাব কমবে। সিকিমে চলবে বৃষ্টির সঙ্গে তুষারপাত। হালকা থেকে মাঝারি কুয়াশা কলকাতা-সহ সব জেলাতে। যদিও সকালে কুয়াশা থাকলেও বেলা বাড়লে আংশিক মেঘলা আকাশ। রাতের তাপমাত্রা একই রকম থাকবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে। উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই কুয়াশার দাপট থাকবে। বেশি কুয়াশা হবে মালদহ এবং দিনাজপুরে। বঙ্গোপসাগরে তৈরি হয়েছে একটি বিপরীতমুখী ঘূর্ণাবর্ত। মৌসম ভবনের তরফে জানানো হয়েছে, উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে তৈরি হয়েছে এই বিপরীতমুখী ঘূর্ণাবর্ত।

# পাহাড়ের গাড়ি চালকদের জন্য নয়া উদ্যোগ জিটিএ'র

**প্রতিবেদন :** পাহাড়ের গাড়িচালকদের জন্য বিশেষ উদ্যোগ নিল জিটিএ। শিলিগুড়ির দার্জিলিং মোড়ে চালকদের জন্য তিনতলা ভবন তৈরি করা হচ্ছে। জিটিএ চিফ এগজিকিউটিভ অনীত থাপা এই প্রকল্পের শিলান্যাস করে তিনি বলেন, ভবনের নির্মাণকাজ শেষ হলে প্রচুর গাড়িচালক এখানে রাত্রিবাস করতে পারবেন। চালকরাও এই ভবন নির্মাণ শুরু হওয়ায় খুশি। দার্জিলিং মোড়ে মঙ্গল মাইতি ভবনের সামনে প্রচুর লরি প্রতিদিন দাঁড়িয়ে থাকে। পাহাড়ের বিভিন্ন রুটে চলাচলকারী এই লরিগুলি শিলিগুড়ি থেকে দার্জিলিং, কার্শিয়াং, মিরিক, কালিম্পংয়ে যাতায়াত করে। ফলে অনেক গাড়ি চালককেই রাতে নয়াবাজারে গাড়ি দাঁড় করিয়ে এখানেই রাত্রিবাস করতে হয়।

# রাজ্যে বাড়ল মহিলা ভোটারের সংখ্যা

**প্রতিবেদন :** রাজ্যে বাড়ল মহিলা ভোটারের সংখ্যা। সোমবার প্রকাশ পেল ২০২৪ সালের চূড়ান্ত ভোটার তালিকা। নতুন তালিকায় রাজ্যের মোট ভোটারের সংখ্যা দাঁড়াল ৭,৫৮,৩৭,৭৭৮ জন। যার মধ্যে নতুন ভোটারের সংখ্যা ১১,৩৩,৯৩৬ জন। ১৮ থেকে ১৯ বছরের ভোটারের সংখ্যা হল ১৫,৩১,৯২৩ জন। নতুন ভোটারের মধ্যে ৫,৬৩,৫২১ জন পুরুষ, ৫,৭০,৩৪১ জন মহিলা ও ৭৪ জন তৃতীয় লিঙ্গের ভোটার। পাশাপাশি এই মুহূর্তে রাজ্যে মোট পুরুষ ভোটারের সংখ্যা ৩,৮৫,৩০,৯৮১ জন; মহিলা ভোটারের সংখ্যা ৩,৭৩,০৪,৯৬০ জন ও তৃতীয় লিঙ্গের ভোটারের সংখ্যা ১,৮৩৭ জন। এবারের ভোটার তালিকা থেকে মৃত ভোটারের নাম বাদ দেওয়ার উপরে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছিল। চূড়ান্ত ভোটার তালিকা থেকে মোট ৫,৪৭,৭৫৭ জন ভুয়ো ও মৃত ভোটারের নাম বাদ দেওয়া হয়েছে। সবমিলিয়ে ২০২৪ সালে ৪,৫১,৭০৬ জন ভোটার বাড়ল এই রাজ্যে। তবে সব থেকে লক্ষণীয় বিষয়, রাজ্যে পুরুষ ভোটারের তুলনায় মহিলা ভোটারের সংখ্যা বৃদ্ধি। প্রতিবছর ভোটার তালিকা প্রকাশ পায় ৫ জানুয়ারি। কিন্তু নির্বাচন কমিশনের কাছে ভোটার তালিকা নিয়ে একাধিক অভিযোগ জমা পড়ায় তালিকা প্রকাশ আরও পিছিয়ে দেওয়া হয়।

# কর্মের নামে হোক ভোট : অভিষেক

(প্রথম পাতার পর)

বাংলার মানুষকে বঞ্চিত করার চক্রান্ত চালাচ্ছে। এই চক্রান্তের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হতে হবে। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক বলেন, আমার কোনও ধর্ম নেই। আমার একটাই ধর্ম— মানব ধর্ম। মানুষকে পরিষেবা দেওয়া আমাদের কাজ। যাকে ইচ্ছে ভোট দেবেন, কিন্তু ধর্মের নামে ভোট দেবেন না। ধর্ম নয়, কর্মের নামে ভোট দিন। যত বড় নেতাই হন, গণতন্ত্রে শেষ কথা বলে মানুষ। যাঁরা সম্মান অর্জন করতে পারেন না, তাঁরা ধর্মের নামে ভোট চান। মানুষের হৃদয়ে তাঁরা কোনওদিনই স্থান পাবেন না। দুর্গাপুজোর সময় ধর্ম-বর্ণ নির্বিশেষে আমরা আনন্দ করি, যেমন আনন্দ করি ইদের সময়। তিনি বলেন, ভারতকে পথ দেখাবে বাংলাই। বাংলা কোনওদিন বিভাজন করতে শেখায়নি। আমাকে আমার দল একতার কথা শিখিয়েছে। সবাইকে নিয়ে চলতে শিখিয়েছে।

সম্পাদক : সুখেন্দুশেখর রায়
● সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত। সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

সান্ধ্য জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



# সর্বধর্ম সমন্বয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সংহতি যাত্রার একঝলক

















